বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১, ০২২২৩৩-৮৮৯৪৯;
ই-মেইলঃ dgmpid@krishibank.org.bd
ক্রেডিট বিভাগ

মুজিববর্ষের প্রতিশ্রুতি আর্থিক খাতের অগ্রগতি


নং- বিকেবি-প্রকা/ক্রেবি (শাখা-৩)প্রক্রেবি-৩(৪৮)/২০২১-২০২২/ ১৬০০(১১) তারিখঃ ১০.০১.২০২২

মহাব্যবস্থাপক,
বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ বিআরপিডি সার্কুলার লেটার নং-৫১/২০২১, ৫২/২০২১ ও ৫৩/২০২১ সংশ্লিষ্ট তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এর ০৯.০১.২০২২ তারিখের সূত্রঃ বিআরপিডি(পি-১)/৬৬১/১৩/২০২১-২৭৯ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উপরোক্ত পত্রে চাহিত অত্র ব্যাংকের ৩১ ডিসেম্বর ২০২১ তারিখ ভিত্তিক তথ্যাদি (সংযোজনী-"ক", ও "খ" মোতাবেক) আগামী ২০.০১.২০২২ইং তারিখের মধ্যে বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা প্রত্যয়নপত্রসহ হার্ডকপি ও সফ্টকপি (Excel ফরম্যাটে ই-মেইল যোগে dgmpid@krishibank.org.bd) অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৩। উল্লেখ্য অত্র বিভাগের ২৩.১২.২০২১ তারিখের পত্র নং-১১২৫(১০) মূলে চাহিত **(বিআরপিডি সার্কুলার-১৯/২০২১ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-৫০/২০২১ সংশ্লিষ্ট)** তথ্যাদির পরিবর্তে এ পত্রের মাধ্যমে চাহিত তথ্যাদি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৪। বিষয়টি অতীব জরুরী।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনামতে।

(স্বাক্ষরিত) ১০/০১/২০২২

(মোহাম্মদ মঈনুল ইসলাম )
উপমহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০২। নথি/মহানথি।

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

সূত্রঃ বিআরপিডি (পি-১)/৬৬১/১৩/২০২১-২৭৯

তারিখঃ ০৯ জানুয়ারি ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/কান্ট্রি ম্যানেজার/কান্ট্রি হেড
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।
প্রধান কার্যালয়, ঢাকা।

প্রিয় মহোদয়,

<u>বিআরপিডি সার্কুলার লেটার নং- ৫১/২০২১, ৫২/২০২১ ও ৫৩/২০২১ সংশ্লিষ্ট তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।</u>

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, প্রয়োজনীয় কার্যার্থে জরুরী ভিত্তিতে আপনাদের ব্যাংকের ৩১ ডিসেম্বর ২০২১ তারিখ ভিত্তিক তথ্যাদি (সংযোজনী-"ক", "খ" ও "গ" মোতাবেক) আগামী ২৭ জানুয়ারি ২০২২ তারিখের মধ্যে হার্ডকপি এবং সফটকপি (Excel ফরম্যাটে ই-মেইলঃ salauddin.tapadar@bb.org.bd এবং mahmudur.reza@bb.org.bd) এ বিভাগে প্রেরণের জন্য আপনাদের অনুরোধ করা হলো। উল্লেখ্য, এ পত্রের অনুলিপি এবং সংযুক্ত Excel ছকের সফট্কপি আপনাদের ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী/ কান্ট্রি ম্যানেজার বরাবর ই-মেইল করা হয়েছে। এক্ষেত্রে ইতঃপূর্বে ২৩ ডিসেম্বর ২০২১ তারিখের বিআরপিডি(পি-১)/৬৬১/১৩/২০২১-১২১৬১ নং পত্রের মাধ্যমে যাচিত তথ্যাদির পরিবর্তে এ পত্রের মাধ্যমে যাচিত তথ্যাদি প্রেরণের জন্য আপনাদেরকে পরামর্শ দেওয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনীঃ বর্ণনা মোতাবেক।

(কাজী মাহমুদুর রেজা)
যুগ্মপরিচালক
ফোন ঃ ৫৫৬৬৫০০১-৬/২২৪২৯

সংযোজনী-ক

সিএমএসএমই ব্যতীত অন্যান্য ঋণ/বিনিয়োগের ৩১ ডিসেম্বর ২০২১ তারিখ ভিত্তিক তথ্য (বিআরপিডি সার্কুলার লেটার নং- ৫৩/২০২১ সংশ্লিষ্ট )।

(টাকার অংক কোটিতে)

| ব্যাংকের নাম | বিআরপিডি সার্কুলার লেটার-৫৩/২০২১ এর আওতায় সুবিধাপ্রাপ্ত ঋণ/বিনিয়োগগ্রহীতার সংখ্যা | বিআরপিডি সার্কুলার লেটার-৫৩/২০২১ এর আওতায় সুবিধাপ্রাপ্ত ঋণ/বিনিয়োগের পরিমাণ | ০১ জানুয়ারি ২০২১ হতে ৩১ ডিসেম্বর ২০২১ তারিখ পর্যন্ত বিআরপিডি সার্কুলার লেটার-৫৩/২০২১ এর আওতায় সুবিধাপ্রাপ্ত ঋণ/বিনিয়োগের বিপরীতে প্রকৃত আদায়ের পরিমাণ (যদি থাকে) | ০১ জানুয়ারি ২০২১ হতে ৩১ ডিসেম্বর ২০২১ তারিখ পর্যন্ত বিআরপিডি সার্কুলার লেটার-৫৩/২০২১ এর আওতায় সুবিধাপ্রাপ্ত ঋণ/বিনিয়োগের বিপরীতে ধার্যকৃত সুদের পরিমাণ | ০১ জানুয়ারি ২০২১ হতে ৩১ ডিসেম্বর ২০২১ তারিখ পর্যন্ত বিআরপিডি সার্কুলার লেটার-৫৩/২০২১ এর আওতায় সুবিধাপ্রাপ্ত ঋণ/বিনিয়োগের বিপরীতে আয়খাতে স্থানান্তরিত অর্থের পরিমাণ | ০১ জানুয়ারি ২০২১ হতে ৩১ ডিসেম্বর ২০২১ তারিখ পর্যন্ত বিআরপিডি সার্কুলার লেটার-৫৩/২০২১ এর আওতায় সুবিধাপ্রাপ্ত ঋণ/বিনিয়োগের বিপরীতে আয়খাতে স্থানান্তরের পরিবর্তে Interest suspense-খাতে স্থানান্তরিত অর্থের পরিমাণ | বিআরপিডি সার্কুলার লেটার-৫৩/২০২১ এর আওতায় রক্ষিতব্য অতিরিক্ত ২% জেনারেল প্রভিশনের পরিমাণ | বিআরপিডি সার্কুলার লেটার-৫৬/২০২০ এর আওতায় রক্ষিত অতিরিক্ত ১% জেনারেল প্রভিশনের পরিমাণ (৩১/১২/২০২১ তারিখ ভিত্তিক ) | নগদ আদায়ের মাধ্যমে সম্পূর্ণভাবে সমন্বয় হয়েছে এরূপ ঋণ/বিনিয়োগের বিপরীতে বিআরপিডি সার্কুলার লেটার নং-৫৬/২০২০ এর আওতায় রক্ষিত অতিরিক্ত ১% জেনারেল প্রভিশন হতে আয়খাতে স্থানান্তরিত অর্থের পরিমাণ (৩১/১২/২০২১ তারিখ ভিত্তিক ) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ------------ব্যাংক লিমিটেড | | | | | | | | | |

Name of the Concerned Officer:
Mobile Number:
E-mail:

সংযোজনী-খ

সিএমএসএমই ঋণ/বিনিয়োগের ৩১ ডিসেম্বর ২০২১ তারিখ ভিত্তিক তথ্য (বিআরপিডি সার্কুলার লেটার নং-৫১/২০২১, ৫২/২০২১ সংশ্লিষ্ট)।

(টাকার অংক কোটিতে)

| ব্যাংকের নাম | বিআরপিডি সার্কুলার লেটার-৫১/২০২১ এর আওতায় সুবিধাপ্রাপ্ত ঋণ/বিনিয়োগগ্রহীতার সংখ্যা | বিআরপিডি সার্কুলার লেটার-৫১/২০২১ এর আওতায় সুবিধাপ্রাপ্ত ঋণ/বিনিয়োগের পরিমাণ | ০১ জানুয়ারি ২০২১ হতে ৩১ ডিসেম্বর ২০২১ তারিখ পর্যন্ত বিআরপিডি সার্কুলার লেটার-৫১/২০২১ এর আওতায় সুবিধাপ্রাপ্ত ঋণ/বিনিয়োগের বিপরীতে প্রকৃত আদায়ের পরিমাণ (যদি থাকে) | ০১ জানুয়ারি ২০২১ হতে ৩১ ডিসেম্বর ২০২১ তারিখ পর্যন্ত বিআরপিডি সার্কুলার লেটার-৫১/২০২১ এর আওতায় সুবিধাপ্রাপ্ত ঋণ/বিনিয়োগের বিপরীতে ধার্যকৃত সুদের পরিমাণ | ০১ জানুয়ারি ২০২১ হতে ৩১ ডিসেম্বর ২০২১ তারিখ পর্যন্ত বিআরপিডি সার্কুলার লেটার-৫১/২০২১ এর আওতায় সুবিধাপ্রাপ্ত ঋণ/বিনিয়োগের বিপরীতে আয়খাতে স্থানান্তরিত অর্থের পরিমাণ | ০১ জানুয়ারি ২০২১ হতে ৩১ ডিসেম্বর ২০২১ তারিখ পর্যন্ত বিআরপিডি সার্কুলার লেটার-৫১/২০২১ এর আওতায় সুবিধাপ্রাপ্ত ঋণ/বিনিয়োগের বিপরীতে আয়খাতে স্থানান্তরের পরিবর্তে Interest suspense-খাতে স্থানান্তরিত অর্থের পরিমাণ | বিআরপিডি সার্কুলার লেটার-৫২/২০২১ এর আওতায় রক্ষিতব্য অতিরিক্ত ১.৫% জেনারেল প্রভিশনের পরিমাণ | বিআরপিডি সার্কুলার লেটার-৫৬/২০২০ এর আওতায় রক্ষিত অতিরিক্ত ১% জেনারেল প্রভিশনের পরিমাণ (৩১/১২/২০২১ তারিখ ভিত্তিক) | নগদ আদায়ের মাধ্যমে সম্পূর্ণভাবে সমন্বয় হয়েছে এরূপ ঋণ/বিনিয়োগের বিপরীতে বিআরপিডি সার্কুলার লেটার নং-৫৬/২০২০ এর আওতায় রক্ষিত অতিরিক্ত ১% জেনারেল প্রভিশন হতে আয়খাতে স্থানান্তরিত অর্থের পরিমাণ (৩১/১২/২০২১ তারিখ ভিত্তিক) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| -----------ব্যাংক লিমিটেড | | | | | | | | | |

Name of the Concerned Officer:
Mobile Number:
E-mail:

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার লেটার নং-৫১

২৯ ডিসেম্বর ২০২১
তারিখঃ -------------------
১৪ পৌষ ১৪২৮

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী**
**বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।**

প্রিয় মহোদয়,

**ঋণ শ্রেণিকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে ২৬ আগস্ট ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সূত্রোক্ত সার্কুলারের মাধ্যমে ঋণ/বিনিয়োগ পরিশোধের ক্ষেত্রে জানুয়ারি/২১ হতে ডিসেম্বর/২১ পর্যন্ত প্রদেয় কিস্তিসমূহের ন্যূনতম ২৫(পঁচিশ) শতাংশ ডিসেম্বর/২১ মাসের শেষ কর্মদিবসের মধ্যে পরিশোধ করা হলে উক্ত সময়ে ঋণ/বিনিয়োগসমূহ বিরূপমানে শ্রেণিকরণ করা যাবে না মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে।

৩। এক্ষণে, কোভিড-১৯ মহামারীকালীন সিএমএসএমই খাতের ঋণ/বিনিয়োগগ্রহীতাগণ অধিক ক্ষতিগ্রস্ত হওয়ায় এবং উক্ত খাতে কর্মরত কর্মবল বহাল রাখার লক্ষ্যে **সিএমএসএমই খাতে** বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে জানুয়ারি/২১ হতে ডিসেম্বর/২১ পর্যন্ত প্রদেয় অর্থের ২৫(পঁচিশ) শতাংশের পরিবর্তে ন্যূনতম ১৫(পনের) শতাংশ ডিসেম্বর/২০২১ মাসের শেষ কর্মদিবসের মধ্যে পরিশোধ করা হলে উক্ত সময়ে ঋণ/বিনিয়োগসমূহ বিরূপমানে শ্রেণিকরণ করা যাবে না মর্মে নির্দেশনা প্রদান করা হলো।

৪। এছাড়া সূত্রোল্লিখিত সার্কুলারের অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫২

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার লেটার নং-৫২

২৯ ডিসেম্বর ২০২১
তারিখঃ -------------------
১৪ পৌষ ১৪২৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**ঋণ/বিনিয়োগের বিপরীতে আরোপিত সুদ/মুনাফা আয়খাতে স্থানান্তরকরণ এবং প্রভিশন সংরক্ষণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে ১৪ ডিসেম্বর ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৫০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বিআরপিডি সার্কুলার-১৯/২০২১ এর আওতায় সুবিধাপ্রাপ্ত ঋণ/বিনিয়োগের বিপরীতে বিদ্যমান নীতিমালার আওতায় রক্ষিতব্য জেনারেল প্রভিশনের অতিরিক্ত আরো ২% জেনারেল প্রভিশন সংরক্ষণ করতে হবে মর্মে সূত্রোল্লিখিত সার্কুলার লেটারের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়।

৩। এক্ষণে, ব্যাংকসমূহকে সিএমএসএমই খাতে ঋণ/বিনিয়োগ প্রদানে উৎসাহিত করার লক্ষ্যে বিআরপিডি সার্কুলার-১৯/২০২১ আওতায় সুবিধাপ্রাপ্ত **সিএমএসএমই খাতে** বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে অতিরিক্ত প্রভিশন হিসেবে ২% এর পরিবর্তে ১.৫% সংরক্ষণ করা যাবে মর্মে নির্দেশনা প্রদান করা হলো। এছাড়া **সিএমএসএমই খাতে** বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে জানুয়ারি/২১ হতে ডিসেম্বর/২১ পর্যন্ত প্রদেয় কিস্তি/অর্থের ২৫(পঁচিশ) শতাংশের পরিবর্তে ন্যূনতম ১৫(পনের) শতাংশ আদায় হলে উক্ত ঋণ/বিনিয়োগ হিসাবসমূহ অশ্রেণিকৃত হিসেবে প্রদর্শন করা যাবে এবং সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগের ভবিষ্যত আদায় ঝুঁকি বিবেচনায় নিয়ে ২০২১ সালের আরোপিত সুদ/মুনাফা আয়খাতে স্থানান্তর করা যাবে।

৪। এছাড়া সূত্রোল্লিখিত সার্কুলারের অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫২

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার লেটার নং-৫৩

৩০ ডিসেম্বর ২০২১
তারিখঃ -------------------
১৫ পৌষ ১৪২৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**ঋণ শ্রেণিকরণ এবং এর বিপরীতে আরোপিত সুদ/মুনাফা আয়খাতে স্থানান্তরকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে ২৬ আগস্ট ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১৯, ১৪ ডিসেম্বর ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৫০ এবং ২৯ ডিসেম্বর ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৫১ এবং ৫২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বিআরপিডি সার্কুলার লেটার নং-৫১/২০২১ এর মাধ্যমে সিএমএসএমই খাতে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে জানুয়ারি/২১ হতে ডিসেম্বর/২১ পর্যন্ত প্রদেয় অর্থের ২৫(পঁচিশ) শতাংশের পরিবর্তে ন্যূনতম ১৫(পনের) শতাংশ ডিসেম্বর/২০২১ মাসের শেষ কর্মদিবসের মধ্যে পরিশোধ করা হলে উক্ত সময়ে ঋণ/বিনিয়োগসমূহ বিরূপমানে শ্রেণিকরণ করা যাবে না মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছিল।

৩। এক্ষণে, সিএমএসএমই খাতে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের অনুরূপ বিআরপিডি সার্কুলার-১৯/২০২১ আওতায় সুবিধাপ্রাপ্ত অন্যান্য ঋণ/বিনিয়োগের বিপরীতেও জানুয়ারি/২১ হতে ডিসেম্বর/২১ পর্যন্ত প্রদেয় কিস্তি/অর্থের ২৫(পঁচিশ) শতাংশের পরিবর্তে ন্যূনতম ১৫(পনের) শতাংশ আদায় হলে উক্ত ঋণ/বিনিয়োগ হিসাবসমূহ অশ্রেণিকৃত হিসেবে প্রদর্শন করা যাবে এবং সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগের ভবিষ্যত আদায় ঝুঁকি বিবেচনায় নিয়ে ২০২১ সালের আরোপিত সুদ/মুনাফা আয়খাতে স্থানান্তর করা যাবে। তবে ইতঃপূর্বের নির্দেশনা অনুযায়ী ২% অতিরিক্ত জেনারেল প্রভিশন সংরক্ষণ করতে হবে।

৪। এছাড়া সূত্রোল্লিখিত সার্কুলারসমূহের অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫২